গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২০ মে ২০১৫, ৬ জ্যৈষ্ঠ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে গণতন্ত্রের ভিত এখন মজবুত : প্রধানমন্ত্রী

২। কোস্ট গার্ড শক্তিশালী করতে একনেকে প্রকল্প অনুমোদন
: ব্যয় ধরা হয়েছে ৪৬৮ কোটি টাকা

৩। পণ্য সরবরাহ চাহিদার তুলনায় বেশি, দাম বাড়ার কোনো কারণ নেই
: ব্যবসায়ী বৈঠকে বাণিজ্যমন্ত্রী

৪। বৈশ্বিক জনস্বাস্থ্য ব্যবস্থাকে আরো কার্যকর করতে হবে
: জেনেভায় বিশ্ব নেতৃবৃন্দের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৫। আটক বাংলাদেশিদের দেশে ফিরতে সহায়তা দেবে জাতিসংঘ : উদ্ধারে প্রস্তুত ফিলিপাইন

৬। ভেজাল ওষুধ রোধে নিষ্ক্রিয়তা কেন অবৈধ নয় : হাইকোর্টের রুল

৭। পুরো ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাকে সিসিটিভির আওতায় আনা হচ্ছে

৮। সৌদি আরবে পাঠানোর জন্য নারী গৃহকর্মী বাছাই ২৪ থেকে ৩০ মে

৯। যাত্রাবাড়ীতে পেট্রলবোমা হামলার আরেক মামলায় বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়াসহ ৩৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র

১০। পবিত্র শবে বরাত ২ জুন

১১। মানবতাবিরোধী অপরাধের দায়ে অভিযুক্ত মাহিদুর - আফসারের রায় আজ

চলমান পাতা/২

১। দেশে গণতন্ত্রের ভিত এখন মজবুত : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বর্বরোচিতভাবে হত্যার ২১ বছর পর দেশে পুনরায় গণতন্ত্রের যাত্রা শুরু হয়েছে। গত দু'দশকের চর্চার ফলে গণতন্ত্র এখন মজবুত ভিতের ওপর দণ্ডায়মান। গতকাল ১৯ মে মঙ্গলবার গণভবনে কমনওয়েলথ দেশগুলোর বিভিন্ন পার্লামেন্টের ৩৭ সদস্যের একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র এ তথ্য জানিয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.৭,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

২। কোস্ট গার্ড শক্তিশালী করতে একনেকে প্রকল্প অনুমোদন : ব্যয় ধরা হয়েছে ৪৬৮ কোটি টাকা

অবৈধ পণ্য ও মৎস্য আহরণ, সমুদ্রে জলদস্যুতা এবং সমুদ্র পথে মানবপাচার প্রতিরোধে কোস্ট গার্ড অধিদপ্তরকে আরো শক্তিশালী করতে একটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে ৪৬৮ কোটি টাকা। সম্পূর্ণ সরকারি অর্থায়নে কোস্ট গার্ড অধিদপ্তর জানুয়ারি ২০১৫ থেকে আগস্ট ২০১৮ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করবে। গতকাল ১৯ মে মঙ্গলবার রাজধানীর এনইসি সম্মেলন কক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় মোট ৮টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৩। পণ্য সরবরাহ চাহিদার তুলনায় বেশি, দাম বাড়ার কোনো কারণ নেই : ব্যবসায়ী বৈঠকে বাণিজ্যমন্ত্রী

রমজান তো বটেই, সারাবছর দ্রব্যমূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, পণ্য সরবরাহ ও মজুদ চাহিদার চেয়ে বেশি রয়েছে। তাই গত বছরের মতো এবারও রমজানে বাজার স্থিতিশীল থাকবে। এছাড়া দ্রব্যমূল্য নিয়ে ব্যবসায়ীদের প্রতিও তার আস্থা আছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.৮)।

৪। বৈশ্বিক জনস্বাস্থ্য ব্যবস্থাকে আরো কার্যকর করতে হবে
: জেনেভায় বিশ্ব নেতৃবৃন্দের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম যেকোনো প্রাকৃতিক বা মানবসৃষ্ট দুর্যোগ ঠেকাতে বিশ্বব্যাপী জনস্বাস্থ্য ব্যবস্থাকে আরো দক্ষ, কার্যকর এবং দ্রুত প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন করে গড়ে তুলতে বিশ্ব নেতৃবৃন্দকে সচেষ্ট হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল ১৯ মে মঙ্গলবার সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার ৬৮তম সম্মেলনের দ্বিতীয় দিনের পূর্ণাঙ্গ অধিবেশনে বক্তৃতায় তিনি এ আহ্বান জানিয়েছেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩)।

৫। আটক বাংলাদেশিদের দেশে ফিরতে সহায়তা দেবে জাতিসংঘ : উদ্ধারে প্রস্তুত ফিলিপাইন

অবৈধভাবে মালয়েশিয়া যাওয়ার পথে থাইল্যান্ড, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় আটক বাংলাদেশিদের ফিরিয়ে আনার ব্যবস্থা করতে রাজি হয়েছে জাতিসংঘের অভিবাসন সংস্থা আইওএম। এ ব্যাপারে বাংলাদেশ সরকারের একটি অনুরোধে সম্মতি দিয়েছে সংস্থাটি। একইসঙ্গে জাতিসংঘের চারটি সংস্থা সাগরে আটকে পড়া অভিবাসীদের নিয়ে উদ্বেগ প্রকাশ করে তাদের উদ্ধারে থাইল্যান্ড, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার প্রতি জোর আহ্বান জানিয়েছে। আন্দামান সাগরে ভাসমান বাংলাদেশি ও রোহিঙ্গাদের আশ্রয় দিতে যখন দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো অস্বীকার করছে তখন প্রথমবারের মতো এগিয়ে এসেছে ফিলিপাইন। দেশটি জানিয়েছে, সাগরে ভাসমান হাজার হাজার অভিবাসীকে বাঁচাতে তারা প্রস্তুত আছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)। নিউ নেশন,ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ভেজাল ওষুধ রোধে নিষ্ক্রিয়তা কেন অবৈধ নয় : হাইকোর্টের রুল

ভেজাল ওষুধ উৎপাদন প্রতিরোধ ও ওষুধের চোরাচালান বন্ধে সরকারের নিষ্ক্রিয়তা নিয়ে প্রশ্ন তুলেছেন হাইকোর্ট। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সরকারের নিষ্ক্রিয়তা কেন বেআইনি ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে গতকাল ১৯ মে মঙ্গলবার আদালত রুল দিয়েছেন। একটি রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্টের একটি বেঞ্চ গতকাল ১৯ মে মঙ্গলবার এ রুল দেন। স্বাস্থ্যসচিব, ওষুধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালকসহ সংশ্লিষ্টদের চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.১৭,ক.৪), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৩)।

৭। পুরো ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাকে সিসিটিভির আওতায় আনা হচ্ছে

ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও নিয়মিত মনিটরিংয়ের উদ্দেশ্যে সম্পূর্ণ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাকে ক্লোজ সার্কিট ক্যামেরার (সিসিটিভি) আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হল পর্যায়ে ইতোমধ্যে

এই কাজ শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিস ও হল অফিস সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৪)।

৮। সৌদি আরবে পাঠানোর জন্য নারী গৃহকর্মী বাছাই ২৪ থেকে ৩০ মে

সৌদি আরবে পাঠানোর জন্য নারী গৃহকর্মী বাছাই চলবে ২৪ মে থেকে ৩০ মে পর্যন্ত। ৪২টি জেলার কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয় এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে রিক্রুটিং এজেন্সিগুলো এই বাছাই কাজ করবে। আগামী এক মাসের মধ্যেই সৌদি আরবে ২০ হাজার নারী কর্মী পাঠাতে আগ্রহী বাংলাদেশ। এ লক্ষ্যেই এবার সারাদেশে নারী গৃহকর্মী বাছাই কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন জানিয়েছেন, ১০০টি রিক্রুটিং এজেন্সি ২০০ জন করে নারী কর্মী পাঠাবে। আগ্রহী প্রার্থীদের বয়স হতে হবে ২৫ থেকে ৪৫ বছরের মধ্যে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), যায়যায়দিন (পৃ.১,ক.১), ভোরের কাগজ (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৫)।

৯। যাত্রাবাড়ীতে পেট্রলবোমা হামলার আরেক মামলায় বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়াসহ ৩৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র

রাজধানীর যাত্রাবাড়িতে বাসে পেট্রলবোমা হামলার ঘটনায় করা আরেকটি মামলায় বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়াসহ ৩৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেওয়া হয়েছে। মামলার তদন্তকারী সংস্থা ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) গতকাল ১৯ মে মঙ্গলবার মুখ্য মহানগর হাকিম আদালতে এ অভিযোগপত্র জমা দেয়। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.১,ক.৬), সমকাল (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২)। ডেইলি স্টার, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। পবিত্র শবে বরাত ২ জুন

গতকাল ১৯ মে মঙ্গলবার বাংলাদেশের আকাশে পবিত্র শাবান মাসের চাঁদ দেখা গেছে। আজ ২০ মে বুধবার থেকে শাবান মাস গণনা শুরু হবে। আগামী ২ জুন দিবাগত রাতে পবিত্র শবে বরাত। গতকাল ১৯ মে মঙ্গলবার সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.১,ক.১)।

১১। মানবতাবিরোধী অপরাধের দায়ে অভিযুক্ত মাহিদুর - আফসারের রায় আজ

মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধের অভিযোগে চাঁপাইনবাবগঞ্জের মাহিদুর রহমান ও আফসার হোসেন চুটুর মামলার রায় ঘোষণা করা হবে আজ ২০ মে বুধবার। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর চেয়ারম্যান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চ এ রায় ঘোষণা করবেন। গতকাল ১৯ মে মঙ্গলবার ট্রাইব্যুনালের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), সমকাল (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট : প্রশ্নবিদ্ধ সিটি কর্পোরেশন নির্বাচন নিয়ে টিআইবির গবেষণা প্রতিবেদনের সমালোচনা আমলে নিয়ে নির্বাচন কমিশনকে অভিযোগগুলো খতিয়ে দেখার সুপারিশ;

খ. ইত্তেফাক : মৌসুমি ফল পাকাতে রাসায়নিক ব্যবহার যাতে না হয় সে ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : নারীর প্রতি সহিংসতা রোধে পুলিশ বাহিনীর ব্যর্থতার দায় দিয়ে রাষ্ট্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে পুলিশ বিভাগের মানমর্যাদা ও তার প্রতি জনগণের আস্থা ধরে রাখার স্বার্থে কার্যকর উদ্যোগ গ্রহণ করার সুপারিশ;

ঘ. সমকাল : নতুন প্রজন্মের মাঝে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) শিক্ষা ছড়িয়ে দিতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কম্পিউটার শিক্ষার অবকাঠামো উন্নয়নের পাশাপাশি প্রয়োজনীয় দক্ষ শিক্ষক নিয়োগের ওপর গুরুত্বারোপ;

ঙ. যুগান্তর, নিউ এজ : দেশে বিনিয়োগ, শিল্পায়ন ও কর্মসংস্থানের স্বার্থে কেন্দ্রীয় ব্যাংকের আর্থিক নীতিমালায় জনবান্ধব দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটিয়ে ব্যাংক ঋণের সুদের হার অবিলম্বে সিঙ্গেল ডিজিটে নামানোর সুপারিশ;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, সমকাল, সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন : রাজধানীর যানজট নিরসনে অটো-সিগন্যাল লাইট পদ্ধতি অকার্যকর প্রমাণিত হওয়ায় যানজট নিরসনে ট্রাফিক আইনগুলো কঠোরভাবে প্রয়োগ করার ব্যবস্থা করলে অনেক সমস্যারই সমাধান হবে বলে প্রত্যাশা;

ছ. ইন্ডিপেনডেন্ট : বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, তুরাগ ও বালু নদীর দূষণ প্রতিরোধে নদীর তীরবর্তী সকল শিল্পকারখানায় ইটিপি স্থাপন বাধ্যতামূলকভাবে কার্যকর করার আহ্বান;

জ. ডেইলি সান : সমাজে রাজনৈতিক পীড়ন ও তিক্ততা বেড়ে গেলে এ সমস্যা সমাধানে সুশীল সমাজকে এগিয়ে আসার আহ্বান;

ঝ. নিউজ টুডে : বাংলা-ভারত বাণিজ্য ব্যবধান কমিয়ে আনতে ফেয়ার ইন্দো-বাংলা বাণিজ্য সমঝোতা অতি জরুরি বলে অভিমত;

ঞ. নিউ নেশন : জাইকার বাংলাদেশের বিটিসিএল-এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্কে অর্থায়ন ফিরিয়ে নেওয়ার ঘটনার সঠিক তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে দেশের কৃষ্টি ও ঐতিহ্যকে মেলে ধরে পৃথিবীতে নিজের সম্মানজনক অবস্থান নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত ‘উচ্চশিক্ষার গণতন্ত্রায়ন’ শিরোনামের নিবন্ধে আবু ইউসুফ মো. আবদুল্লাহ দক্ষিণ এশিয়ায় বিশেষ করে বাংলাদেশে টেকসই উন্নয়নের লক্ষ্যে শিক্ষার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা